

## ২.০ নিরীক্ষা প্রত্যয়নপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ এবং ১৯৭৪ সালের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন এর ৫ এবং ৬ ধারা অনুযায়ী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশল অফিস, পল্লী উন্নয়ন একাডেমী, জেলা পরিষদ এবং পৌরসভা সমূহের ২০০০-২০০১ এবং তৎপূর্ববর্তী কতিপয় বৎসরের হিসাব স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক পরীক্ষা করা হইয়াছে। এতদ্ব্যতীত উক্ত প্রতিষ্ঠানসমূহের স্থানীয় নিরীক্ষা সংক্রান্ত পরিদর্শনের বর্তমান অবস্থা এবং গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়-ক্ষতি প্রভৃতি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হইয়াছে। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর উক্ত হিসাব সম্বন্ধীয় সকল তথ্যাদি এবং ব্যাখ্যা যথাসম্ভব সংগ্রহ করিয়াছে এবং আমার জ্ঞান ও বিশ্বাস মতে আমি প্রত্যয়ন করিতেছি যে, নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত তথ্যাদি নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ।

ঢাকা

তারিখ :-  $\frac{৩০-১২-২০০১ইং}{১৬-০৯-১৪০৮বাং}$

সৈয়দ ইউসুফ হোসেন  
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,  
বাংলাদেশ।